

সংবাদ

20 April

তারিখ: 2 JAN 2008
পৃষ্ঠা: ৩

জাতীয় বিশ্ববিদ্যালয় প্রশ্নপত্র ফাঁস : সম্মান দ্বিতীয় বর্ষের ইংরেজি পরীক্ষা স্থগিত, আটক ১৯

শনিবার দার্জিলিগঞ্জ পরিবেশক

জাতীয় বিশ্ববিদ্যালয়ের সম্মান দ্বিতীয় বর্ষ সমাপনী পরীক্ষার আজ ও আগামীকালের অন্ত্যে ইংরেজি (আবশ্যিক) বিষয়ের পরীক্ষা স্থগিত করা হয়েছে। পরে এ পরীক্ষার তারিখ জানানো হবে। গতকাল পিআইডি থেকে পাঠানো এক তথ্যবিবরণিতে এ তথ্য জানানো হয়েছে।

এদিকে রাজশাহী ও বরিশালে এ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে ১৯ জনকে আটক করা হয়েছে। বরিশাল বিএম কলেজের সামনে গতকাল এ প্রশ্নপত্রের ফটোকপি পাওয়া গেছে বলে অভিযোগ করেন কলেজের শিক্ষার্থীরা। এর সঙ্গে জড়িত অভিযোগে রায় ১৫ জনকে আটক করেছে। পরীক্ষা : পৃষ্ঠা : ২ ক : ৩

পরীক্ষা : স্থগিত (১ম পৃষ্ঠার পর)

এ ক্যাম্পারে বিএম কলেজের প্রিন্সিপাল ড. নিরঞ্জন হানী সন্ধানিকদের জানান, প্রশ্নপত্র ফাঁস হয়েছে ঢাকা থেকে। বরিশাল থেকে প্রশ্নপত্র ফাঁস হয়নি। এদিকে রাজশাহীতে নগরীর সোনাদিয়ার মোড় থেকে একই বিষয়ের প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে ৪ জনকে গ্রেফতার করেছে পুলিশ।

বরিশাল বিএম কলেজের প্রিন্সিপাল জানান, বিষয়টি তিনি জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে জানিয়েছেন। পরীক্ষা বন্ধ করার বিষয়টি তারা দেখবেন। নির্দেশ না পাওয়া পর্যন্ত তিনি পরীক্ষা বন্ধ করবেন না। তবে পরীক্ষার সময় যদি আসল প্রশ্নপত্রের সঙ্গে ফাঁস হওয়া প্রশ্নপত্রের মিল থাকে তা হলে তিনি পরীক্ষা বন্ধের সিদ্ধান্ত নেবেন। হানী জনসাধারণদের কাছ থেকে জানা গেছে, সম্মান রাবের সদস্যরা প্রশ্নপত্র ফাঁস হওয়াই বর পয়ে ফটোকপি মেশিনের দোকানগুলো থেকে প্রশ্নপত্রের ফটোকপি সংগ্রহ করেছে এবং ১৫ জনকে আটক করেছে। রায় সদস্যরা ও বরিশাল সদর থানা পুলিশ প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে জড়িত ১৫ জনকে আটক করার সজতা স্বীকার করেছে।

বিএম কলেজের পরীক্ষার্থীরা গতকাল টেলিফোনে সংবাদকে জানিয়েছেন, অনার্স দ্বিতীয় বর্ষের ইংরেজি সমাপনী পরীক্ষার প্রশ্নপত্র কলেজের সামনে ফটোকপি মেশিনের দোকানগুলোতে দিনভর বিক্রি করতে দেখা গেছে। পরীক্ষার্থীরা প্রশ্নপত্রের ফটোকপি ২০০ থেকে ৩০০ টাকায় কিনেছে। আসল প্রশ্নপত্র ৪ হাজার টাকা দিয়ে অনেকে কিনেছে।

পরীক্ষার্থীরা আরও জানান, গত নভেম্বর মাসে এভাবে আরেকবার পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়েছিল। ওই সময় কলেজ কর্তৃপক্ষ পরীক্ষা নেয়া বন্ধ করেছিলেন।

এদিকে রাজশাহী জেলা কার্তা পরিবেশক জানান, শনিবার থেকে অনুষ্ঠিতব্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ইংরেজি (আবশ্যিক) পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস করার অভিযোগে রাজশাহীতে পুলিশ চারজনকে গ্রেফতার করেছে। শুক্রবার রাত ৮টার দিকে নগরীর সোনাদিয়ার মোড় এলাকা থেকে বোয়ালিয়া থানা পুলিশ তাদের গ্রেফতার করে।

বোয়ালিয়া থানার ওসি রমজান আলী জানান, শনিবার থেকে অনুষ্ঠিতব্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় বর্ষের ইংরেজি (আবশ্যিক) পরীক্ষার প্রশ্নপত্র বিক্রি হচ্ছে এমন খবর পেয়ে সোনাদিয়ার মোড় ঘায় পুলিশ। সেখান থেকে ফটোকপির দোকানের মাদিক আহমেদ, রাজশাহী কলেজের শিক্ষার্থী রিপন আলী, ইত্যাদি আলী ও আবুল বায়েজকে গ্রেফতার করা হয়। এদের কাছে হাতে লেখা একটি প্রশ্নের কপি পাওয়া গেছে। সেটিই বিক্রি করার উদ্দেশ্যে ওই দোকানটিতে ফটোকপি করা হচ্ছিল বলে পুলিশ জানায়। প্রশ্নপত্র শনিবার ১২ জন্য়ারি মিলিয়ে দেখা হবে।